

সমকাল

একাদশে ভর্তি প্রক্রিয়া শুরু রোববার

১৮ ঘণ্টা আগে

সমকাল প্রতিবেদক



ফাইল ছবি

রোববার থেকে এবারের একাদশ শ্রেণির অনলাইন ও এসএমএসে ভর্তির আবেদন গ্রহণ শুরু হবে। আবেদনের শেষ সময় ২৪ মে। তবে পুনঃনিরীক্ষণে যাদের ফল পরিবর্তন হবে, তাদের আবেদন আগামী ৫ ও ৬ জুন গ্রহণ করা হবে। এবার প্রতিটি প্রতিষ্ঠানের মূল আসনে শতভাগ মেধার ভিত্তিতে ভর্তি করা হবে। তবে বিশেষ অগ্রাধিকারের (কোটা) আবেদনকারী থাকলে মোট আসনের অতিরিক্ত (মুক্তিযোদ্ধা-পাঁচ শতাংশ, বিভাগীয় ও জেলা সদর-তিন শতাংশ, শিক্ষা মন্ত্রণালয়ের অধ্যক্ষন দপ্তরসমূহ দ্রুই শতাংশ, বিকেএসপি-শুন্য পাঁচ এবং প্রবাসী শুন্য পাঁচ শতাংশ) শিক্ষার্থী ভর্তি করা হবে। ৩০ এপ্রিল শিক্ষা মন্ত্রণালয়ের সভাকক্ষে অনুষ্ঠিত উচ্চপর্যায়ের সভায় 'একাদশ শ্রেণিতে ভর্তি নীতিমালা' চূড়ান্ত করা হয়।

একজন শিক্ষার্থী যতগুলো কলেজে আবেদন করবে, তার মধ্য থেকে গেল বছরের মতো শিক্ষার্থীর মেধা ও পছন্দক্রমের ভিত্তিতে একটি কলেজ নির্ধারণ করে দেওয়া হবে। তবে ভর্তিতে আগের মতো এবারও স্কুল, কলেজ ও সমমানের প্রতিষ্ঠানের ক্ষেত্রে নিজ প্রতিষ্ঠানের শিক্ষার্থীরা অগ্রাধিকার পাবেন। প্রথম পর্যায়ে নির্বাচিত শিক্ষার্থীদের ফল প্রকাশ করা হবে ১০ জুন।